বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃdgmlad1@krishibank.org.bd

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২৩-২৪/৬৫৭ (১২৫০) তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম (এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর সুত্র নং-এসিডি (পলি)/৩৬(৫)/২০২৩-৪৮৪০, তারিখ ৩১ আগস্ট, ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। অত্র বিভাগের বিগত ১২/১০/২০২২ তারিখের ৯৬৫ নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০৫ তারিখ ২৫/০৮/২০২২ এর আওতায় বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ হতে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১০০.০০ কোটি টাকা সার্বিক অর্জন ও বাস্তবতার প্রেক্ষিতে মাঠ কার্যালয়ের বরাবর ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের ৩১/০৮/২০২৩ তারিখের ৪৮৪০ নং পত্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১০০ কোটি টাকার সাথে আরও ১৪০ কোটি টাকা বৃদ্ধিপূর্বক সর্বমোট ২৪০ (দুইশত চল্লিশ কোটি) কোটি টাকায় নির্ধারণ করা হয়। সে প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে এসিডি সার্কুলার নং-০৫ এর আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্তভাবে লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হলোঃ

**এসিডি সার্কুলার নং ০৫ এর আওতায় পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা ঃ**

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগের নাম | ঋণ বিতরনের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (১০০.০০ কোটি টাকার বিপরীতে) | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের পরিমাণ (১১/০৯/২০২৩ তারিখ ভিত্তিক) | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার (১১/০৯/২০২৩ তারিখ ভিত্তিক) | ঋণ বিতরনের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (১৪০.০০ কোটি টাকার বিপরীতে) | পুনঃনির্ধারিত মোট লক্ষ্যমাত্রা (২৪০.০০ কোটি টাকার বিপরীতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭= (৩+৬) | ৮ |
| ০১ | ঢাকা | ১০.০০ | ৩.৫৫ | ৩৫.৫% | ১৫.০০ | ২৫.০০ | ৩০/০৬/২৫ তারিখ এর মধ্যে বিতরণযোগ্য |
| ০২ | ময়মনসিংহ | ১০.০০ | ৩.৬১ | ৩৬.১০% | ১৫.০০ | ২৫.০০ | |
| ০৩ | চট্টগ্রাম | ৩.০০ | ০.৭৫ | ২৫.০০% | ৪.০০ | ৭.০০ | |
| ০৪ | খুলনা | ১৫.০০ | ১.৯১ | ১২.৭৩% | ২০.০০ | ৩৫.০০ | |
| ০৫ | বরিশাল | ১.০০ | ০.৩৩ | ৩৩.০০% | ২.০০ | ৩.০০ | |
| ০৬ | সিলেট | ২.০০ | ০.১৭ | ৮.৫০% | ৪.০০ | ৬.০০ | |
| ০৭ | কুমিল্লা | ১৪.০০ | ১.৬৩ | ১১.৬৪% | ১৮.০০ | ৩২.০০ | |
| ০৮ | ফরিদপুর | ১০.০০ | ২.৯৫ | ২৯.৫০% | ১৪.০০ | ২৪.০০ | |
| ০৯ | কুষ্টিয়া | ৩৫.০০ | ৪.৫৮ | ১৩.০৮% | ৪৮.০০ | ৮৩.০০ | |
| | সর্বমোট | ১০০.০০ | ১৯.৪৮ | ১৯.৪৮% | ১৪০.০০ | ২৪০.০০ | |

চলমান পাতা-০২

বিষয়ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম (এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৩। সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয়সমূহের মধ্যে অনতিবিলম্বে পুনঃবন্টন করবেন এবং একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। এছাড়া নিজ নিজ বিভাগাধীন ও অঞ্চলসমূহ স্ব স্ব অঞ্চল ও শাখাসমূহকে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা আগামী ১৪/০৯/২০২৩ তারিখের মধ্যে বন্টন করে তার তথ্য অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং ০৫, তারিখঃ ২৫/০৮/২০২২ এবং অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৯৬৫ তারিখ ১২/১০/২০২২ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য যে, লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্টদের বহন করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১,

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২৩-২৪/৬৫৭(১২৫০) তারিখঃ ১৩/০৯/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা ১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

সূত্র নং- এসিডি(পলি)/৩৬(৫)/২০২৩- ৪৮৪০

তারিখঃ৩১আগস্ট ২০২৩।

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা।

প্রিয় মহোদয়,

**"গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম" এর আওতায় পুনঃবরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এ বিভাগ কর্তৃক জারিকৃত এসিডি সার্কুলার নং: ০৫, তারিখ: ২৫ আগস্ট ২০২২ এর মাধ্যমে গঠিত "গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম" এর আওতায় ঋণ বিতরণের জন্য প্রাথমিক পর্যায়ে আপনাদের অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। এক্ষণে, উক্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় আপনাদের বিতরণকৃত ঋণের পরিমাণ এবং সক্ষমতা বিবেচনায় ৩০ জুন ২০২৫ পর্যন্ত বরাদ্দের পরিমাণ ১৪০ কোটি টাকা বৃদ্ধিপূর্বক মোট বরাদ্দ ২৪০ কোটি টাকায় নির্ধারণ (পূর্বের বরাদ্দসহ) করা হয়েছে।

০২. এমতাবস্থায়, উপর্যুক্ত সার্কুলার এবং বাংলাদেশ ব্যাংকের সাথে আপনাদের ব্যাংক কর্তৃক সম্পাদিত অংশগ্রহণ চুক্তির (Participation Agreement) শর্তাবলী এবং বরাদ্দ অনুযায়ী ঋণ বিতরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের পরামর্শ দেয়া হলো।

০৩. উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(ড. মোঃ আবু বকর সিদ্দিক)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ৯৫৩০২২৩

মহাব্যবস্থাপক (পলি ও পরি) এর দপ্তর
নং- ১৭৭ তারিখ ৩১/৮/২৩
উমব্য, ক্রেডিট/আঃ বাণিজ্য/ফরেন রেমিঃ
বিসিবিডি
মহাব্যবস্থাপক

CamScanner